গাংনীতে মাদক বিক্রেতাকে ধাওয়া করে দুর্ঘটনার স্বীকার দুই পুলিশ

মেহেরপুরের গাংনী উপজেলার মোমিনপুর গ্রামে মাদক বিক্রেতার মোটরাসাইকেলের সাথে পুলিশের মোটরাসাইকেলের মুখোমুখি সংঘর্ষে পুলিশের দুই সদস্য মারাত্বক আহত হয়েছেন।

এরা হলেন, গাংনী থানায় কর্মরত কনস্টেবল তৈয়ব আলী ও কনস্টেবল তানভীর আহমেদ।
আজ বুধবার (৩১ মে) বিকালের দিকে এই ঘটনা ঘটে।

তাদের দুজনকে উদ্ধার করে প্রথমে কুষ্টিয়া মেডিকেল কলেজ হাসপাতালে ভর্তি করা হয়েছে। এদের মধ্যে তানভীর আহমেদের অবস্থা আশংকাজনক হওয়ায় তাকে রাজশাহী মেডিকেল কলেজ হাসপাতালে রেফার্ড করা হয়েছে। পুলিশ ঘটনাস্থল থেকে ১৪৭ বোতল ফেনসিডিল একটি মোটরাসাইকেল ও মোবাইল ফোন উদ্ধার করেছেন।

গাংনী থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) আব্দুর রাজ্জাক এতথ্য নিশ্চিত করেছেন।

ওসি আব্দুর রাজ্জাক বলেন, গাংনী উপজেলার মোমিনপুর এলাকা দিয়ে ফেনসিডিলের একটি চালান যাচ্ছে এমন সংবাদের ভিত্তিতে এএসআই রাসেল আহম্মেদ ও তার অপর তিন সঙ্গী নিয়ে সেখানে যান। একটি মোটরাসাইকেলে দুজনকে আসতে দেখে কনেস্টাবল তানভীর ও তৈয়ব আলী থামানোর চেষ্টা করে। এসময় মাদক ব্যবসায়ীরা পালনোর চেষ্টা করে। এসময় পুলিশের গাড়িও তাদের তাড়া করে। এক পর্যায়ে পুলিশের মোটরসাইকেলকে ধাক্কা দিয়ে পালানোর চেষ্টা করলে দুটো মোটরাসাইকেল দুর্ঘটনায় পতিত হয়। এসময় মাদক বিক্রেতারাও আহতাবস্থায় পালিয়ে যায়। ঘটনাস্থল থেকে ১৪৭ বোতল ফেনসিডিল, একটি মোটরসাইকেল ও মোবাইল ফোন উদ্ধার করা হয়।

ওসি আব্দুর রাজ্জাক আরও বলেন, মাদক বিক্রেতাদের ধরতে এলাকায় অভিযান শুরু করা হয়েছে।

আজ গাংনী মটমুড়া ইউনিয়ন পরিষদের ২ নং ওয়ার্ডের উপনির্বাচন চলছে

উৎসাহ উদ্দীপনা ও শান্তিপূর্ণভাবে গাংনী উপজেলার মটমুড়া ইউনিয়ন পরিষদের ২ নং ওয়ার্ডের উপ-নির্বাচন আজ বৃহস্পতিবার (২৫ মে) অনুষ্ঠিত হচ্ছে। ভোট কেন্দ্রে সকাল থেকেই নারী ভোটারদের উপস্থিত উল্লেখ করার মত। তবে, বেলা বাড়ার সাথে সাথে পুরুষ ভোটারদের উপস্থিতিও বাড়তে শুরু করে।
মটমুড়া ইউনিয়ন পরিষদের ২ নং ওয়ার্ডের উপ নির্বাচনের রির্টানিং অফিসার ও গাংনী উপজেলা নির্বাচন কমকর্তা আব্দুল আজিজ বলেন, মটমুড়া ইউনিয়নের ২ নং ওয়ার্ডের উপ-নির্বাচনে মোট ২ জন প্রার্থী প্রতিদ্বন্দ্বীতা করছেন। তারা হলেন, ওই ওয়ার্ডের প্রয়াত সদস্য (মেম্বর) আব্দুস সোবহানের স্ত্রী মোছা: পলি আরা (মোরগ) ও মো: কামাল হোসেন (টিউবওয়েল)।
হোগলবাড়িয়া মাধ্যমিক বিদ্যালয়ে দুটি ভোট কেন্দ্র স্থাপন করা হয়েছে। মোট ভোটার সংখ্যা ৬৩৯৭ জন। এদের মধ্যে নারী ভোটার সংখ্যা ৩১৮২ এবং পুরুষ ভোটার সংখ্যা ৩২১৫ জন।

উল্লেখ্য, চলতি বছরের ফেব্রুয়ারি মাসে ওই ওয়ার্ডের মেম্বর আব্দুস সোবহান নিজ বাড়িতে হলুদ সিদ্ধ করতে গিয়ে গরম পানির কড়াইয়ের মধ্যে পড়ে ঝলসে যায়। ঢাকা শেখ হাসিনা বার্ন হাসপাতালে চিকিৎসাধীন থাকা অবস্থায় মারা যান তিনি। পরে এই ওয়ার্ডটি শুন্য ঘোষণা করেন নির্বাচন কমিশনার।

নির্বাচন অবাধ সুষ্ঠ ও নিরপেক্ষ করতে সব ধরণের প্রস্তুতি নিয়েছে নির্বাচন কমিশন। গাংনী থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) আব্দুর রাজজাক বলেন, ভোট কেন্দ্র এবং বাইরে বিপুল পরিমান পুলিশ ও আনসার সদস্য মোতায়েন করা হয়েছে। গাংনী উপজেলা নির্বাহী অফিসার সাজিয়া সিদ্দিকা সেতৃ বলেন, ভোট কেন্দ্র অবাধ, নিরপেক্ষ ও শান্তিপূর্ণ করতে সব ধরনের ব্যবস্থা নেওয়া হয়েছে।

মেহেরপুরে হজ্বযাত্রীদের দিনব্যাপি প্রশিক্ষণ কর্মশালা অনুষ্ঠিত

সুষ্ঠ ও সঠিকভাবে পবিত্র হজ পালনের ক্ষেত্রে হজযাত্রীদের ধর্মীয় ও আনুষাঙ্গিক বিষয়ে আনুষ্ঠানিকভাবে দিনব্যাপি প্রশিক্ষণের দেওয়া হয়েছে।

আজ বৃহস্পতিবার (১৮ মে) সকাল থেকে মেহেরপুর হোটেল বাজার জামে মসজিদে মেহেরপুর সদর উপজেলা হাজী সমিতির উদ্যোগে এই প্রশিক্ষণ অনুষ্ঠিত হয়।

মেহেরপুর সদর উপজেলা হাজী সমিতির সভাপতি আলহাজ মোঃ গোলাম রাসুলের সভাপতিত্বে প্রশিক্ষণে বক্তব্য রাখেন মেহেরপুর জামিয়া ইসলামিয়া মাদ্রাসার অধ্যক্ষ হাফেজ মুফতি মোহাম্মদ হাফিজুর রহমান, সদর উপজেলা হাজী সমিতি সাধারণ সম্পাদক সোহরাব উদ্দিন, যুগ্ম সম্পাদক আব্দুল আজিজ, মিজানুর রহমান, মশিউর রহমান প্রমুখ।

জাতীয় প্রতিভা অন্বেষণে মেহেরপুরের দুই কৃতি সন্তান

বাংলাদেশ স্কাউটস স্পেশাল ইভেন্টস বিভাগ কর্তৃক আয়োজিত জাতীয় প্রতিভা অন্বেষণ পুরষ্কৃত হয়েছেন মেহেরপুরে দুই কৃতি সন্তান ।

মেহেরপুর সরকারি কলেজ রোভার স্কাউট গ্রুপের মোঃ বাদশা খান বাংলা ভাষায় উপস্থাপনা বিভাগে জাতীয় পর্যায়ে দ্বিতীয় স্থান অর্জন করে এবং মোঃ অনিক হাসান যন্ত্রসংগীত বিভাগে জাতীয় পর্যায়ে দ্বিতীয় স্থান অর্জন করেছে।

গতকাল মঙ্গলবার (১৬ তারিখে) ঢাকা আন্তর্জাতিক মাতৃভাষা ইন্সটিটিউটে এ পুরস্কার বিতরণ করা হয়।

বাংলাদেশ স্কাউটসের প্রধান জাতীয় কমিশনার ও দুর্নীতি দমন কমিশনের কমিশনার ড. মোঃ মোজাম্মেল হক খানের সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন প্রধানমন্ত্রীর কার্যালয়ের মুখ্য সচিব মোঃ তোফাজ্জল হোসেন মিয়া এসময় তিনি বিজয়ীদের হাতে পুরস্কার তুলে দেন।

দাতের মাজন ভেবে বিষ দিয়ে দাত মাজা, হাসপাতালে ভর্তি

দাত ব্রাশ করা মাজন ভেবে ইদুর মারা বিষ দিয়ে দাত মেজে শিশু ফাতেমা খাতুন (৩) এখন হাসপাতালে।
ফাতেমা খাতুন গাংনী উপজেলার সানঘাট গ্রামের দাড়িয়াপাড়া এলাকার মহিবুল ইসলামের মেয়ে।
আজ বুধবার (১৭ মে) সকাল ৯ টার দিকে এই ঘটনা ঘটে। শিশু ফাতেমা খাতুন এখন গাংনী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের চিকিৎসাধীন রয়েছে। তবে, তার অবস্থা আশংকামুক্ত বলে জানিয়েছেন গাংনী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সেরর জরুরী বিভাগে কর্মরত চিকিৎসক সুমাইয়া আফরোজ।
ফাতেমার মা হুসনে আরা বলেন, ঘরের মধ্যে চৌকির নিচে ইদুর মারা বিষ ছিল। মেয়ে হামাগুড়ি দিয়ে সেখানে গিয়ে বিষ দাত মাজার পাউডার ভেবে দাত মাজতে শুরু করে। পরে আমি দেখে তাড়াতাড়ি তাকে নিয়ে হাসপাতালে চলে এসেছি।
গাংনী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সেরর জরুরী বিভাগে কর্মরত চিকিৎসক সুমাইয়া আফরোজ বলেন, এই প্রথম গাংনী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের শিশু রোগীর বিষ শরীর থেকে ওয়াশ করা হলো। এর আগে বিষপান করা শিশুরোগীকে মেহেরপুর বা কুষ্টিয়াতে পাঠানো লাগতো।
বর্তমানে শিশুটি সুস্থ আছে।

মেহেরপুরে সরকারি ও বেসরকারিভাবে মোট ১২৭ জন পবিত্র হজ্বে যাবেন

আসন্ন পবিত্র সরকারি ও বেসরকারি ব্যবস্থাপনার গমনকারী হজ্ব যাত্রীদের দিনব্যাপি প্রশিক্ষণ অনুষ্ঠিত হয়েছে।

আজ বুধবার (১০ মে) সকালে মেহেরপুর জেলা মডেল মসজিদ ও ইসলামিক সাংস্কৃতিক কেন্দ্র মিলনায়তনে হজ্ব যাত্রীগণের এই প্রশিক্ষণ অনুষ্ঠিত হয়।

মেহেরপুর জেলা ইসলামিক ফাউন্ডেশনের উপ-পরিচালক এ জে এম সিরাজুম মুনিরের সভাপতিত্বে অনুষ্ঠিত দিনব্যাপি প্রশিক্ষণের উদ্বোধন করেন জেলা প্রশাসক মোহাম্মদ আজিজুল ইসলাম।

প্রশিক্ষণের উদ্বোধনী অনুষ্ঠানে বিশেষ অতিথি ছিলেন মেহেরপুর জেলা পরিষদের চেয়ারম্যান অ্যাডভোকেট মহা: আব্দুস সালাম, মেহেরপুর সিভিল সার্জন ডাঃ জওয়াহেরুল আনাম সিদ্দিকী, অতিরিক্ত জেলা ম্যাজিস্টেট লিউজা – উল জান্নাহ, অতিরিক্ত পুলিশ সুপার (সার্কেল) আজমল হোসেন।

অনুষ্ঠানে স্বাগত বক্তব্য রাখেন মেহেরপুর ইসলামিক ফাউন্ডেশনের উপ-পরিচালক এ জে এম সিরাজুম মুনির। চলতি বছরে মেহেরপুর থেকে সরকারি ও বেসরকারিভাবে মোট ১২৭ জন পবিত্র হজ্ব পালন করবেন।

এর মধ্যে সরকারি ব্যবস্থাপনায় ৯ জন এবং বেসরকারি ব্যবস্থাপনায় ১১৮ জন রয়েছেন।

মেহেরপুর শহরে ফার্নিচার গ্যালারিতে আগুন, ৪ লক্ষাধিক টাকার ক্ষতি

মেহেরপুর শহরের মসার্স রাবেয়া ফার্নিচার গ্যালারি নামের একটি ফার্নিচার বৈদ্যুতিক শর্ট সার্কিটে অগ্নিকান্ডের ঘটনায় প্রায় ৪ লক্ষাধিক টাকার মালামাল পুড়ে ভস্মিভূত হয়েছে।
রবিবার দিবাগত রাত আনুমানিক সাড়ে ১২ টার দিকে মেহেরপুর শহরের শহীদ গফুর সড়কের মেসার্স রাবেয়া ফার্নিচার গ্যালারিতে এই অগ্নিকাণ্ডের ঘটনা ঘটে।

মেসার্স রাবেয়া ফার্নিচার গ্যালারি মালিক শরিফুল ইসলাম জানান, বৈদ্যুতিক শর্ট সার্কিটে অগ্নিকান্ডের ঘটনা থেকে এই ক্ষয়ক্ষতি হয়েছে। আকস্মিকভাবে এই অগ্নিকাণ্ডের ঘটনায় তার প্রায় ৪ লাখ টাকার মালামাল পুড়ে গেছে বলে জানান তিনি।
খবর পেয়ে মেহেরপুর ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্সের সদস্যরা ঘটনা স্থলে পৌঁছে আগুন আওতায় আনে। তার আগেই মালামাল পুড়ে ছাই হয়ে যায়।

আজ বিশ্ব গাধা দিবস

“গাধা” আমাদের সমাজে একটি প্রচলিত শব্দ। জীবনে একবার হলেও এই শব্দটি শোনেনি এমন মানুষ হয়তো পাওয়া যাবেনা। কারণ, ভুল হওয়াটা মানুষের জীবনে একটি সহজ ব্যাপার। মানুষের ভুল হবেই তাই, কেউ ভুল করলে বা কোনো বোকামি করলে ‘গাধার সঙ্গে তুলনা’ করা হয় হারহামেশাই। আবার গাধা নিয়ে অনেক রুপক কথাও শোনা যায়। যেমন “গাধা সবই করতে পারে, শুধু ভাতের লাকড়ি বইতে পারেনা”। এখন প্রশ্ন আসতেই পারে, গাধা কি আসলেই বোকা? এই প্রশ্নের সঠিক উত্তর জানা নেই। যাইহোক গাধা বোকা হোক বা চালাক হোক, আজ কেউ গাধা বললে রাগ করবেন না। কারণ আজ ৮ মে গাধা দিবস।

গাধা শুধু ভারই বহন করে না, এই প্রাণীটি ওষুধ শিল্পের গুরুত্বপূর্ণ কাঁচামাল উৎপাদকও। গাধার চামড়ার মধ্যে থাকা বিশেষ ধরনের আঠা জিলাটিন চীনে ইজিয়াও নামের প্রচলিত ওষুধের প্রধান কাঁচামাল। এ ওষুধ অ্যাজমা থেকে ইনসোমনিয়ার মতো নানা রোগের চিকিৎসায় ব্যবহৃত হয়। তাই প্রাণীটিকে শুধু অবহেলাই করবেন না, অবজ্ঞা করবেন না ভালোও বাসবেন।

গাধার রয়েছে অবিশ্বাস্য স্মৃতিশক্তি। ২৫ বছর আগে দেখা এলাকা, এমনকি বহু বছর আগে দেখা গাধাদের তারা সহজেই চিনতে পারে। পাশাপাশি, গাধা প্রচণ্ড জেদি, আত্মরক্ষা করার প্রবল ক্ষমতা রাখে। গাধাকে ভয় দেখিয়ে বা জোর করে কোনো কাজ করিয়ে নেয়া খুব কঠিন ব্যাপার।

কোনো ঘটনায় গাধা সহজে চমকে ওঠে না। এরা প্রখর কৌতূহলী। গাধার চিন্তাধারা ঘোড়ার থেকে স্বাধীন। একটি গাধা মরু পরিবেশে ৬০ মাইল দূরে থেকে অন্য গাধার সঙ্গে যোগাযোগ রাখতে পারে। ঘোড়ার থেকে তাদের আছে অনেক বড় কান, যা তাদের শরীর শীতল রাখে।

বিশ্ব গাধা দিবসের প্রচলন করেছিলেন আর্ক রাজিক। তিনি একজন বিজ্ঞানী এবং মরুভূমির প্রাণী নিয়ে কাজ করেন। তিনি বুঝতে পেরেছিলেন গাধারা মানুষের জন্য যে পরিমাণ কাজ করে, সেই পরিমাণ স্বীকৃতি পাচ্ছে না। এ জন্য তিনি একটি ফেসবুক গ্রুপ তৈরি করেন। তারপর সেখানে গাধা বিষয়ক বিভিন্ন তথ্য প্রচার করতে শুরু করেন।

আর্ক রাজিকের প্রচেষ্টায় ২০১৮ সালে প্রথম বিশ্ব গাধা দিবস উদযাপন করা হয়। তখন থেকে প্রতি বছর ৮ মে গাধা দিবস উদযাপিত হচ্ছে। দিবসটি উদযাপনের উদ্দেশ্য হলো গাধাকে নিয়ে তথ্য ছড়িয়ে দেওয়া এবং প্রাণীটি কীভাবে মানুষের জীবনে প্রভাব ফেলছে তা তুলে ধরা।

মেহেরপুরের আমঝুপিতে বোনের

মৃত্যুর শোকে বড় ভাইয়ের মৃত্যু

বোন নবীছন নেছার মৃত্যুর ১৭ ঘন্টা পর মারা গেলেন তার বড় ভাই সুন্নত আলী।
ঘটনাটি মেহেরপুৃর সদর উপজেলার আমঝুপি গ্রামের পূর্বপাড়া এলাকার।

স্থানীয়রা জানান, বিগত ৫ রমজানের দিনে নবীছন নেছা ঘরে লেম্প জালাতে গিয়ে অগ্নিদগ্ধ হন। তাকে উদ্ধার করে মেহেরপুর ২৫০ শয্যার জেনারেল হাসপাতালে ভর্তি করা হয়। কিছুদিন চিকিৎসা নিয়ে বাড়ি ফিরেছিলেন তিনি। অবশেষে গতকাল মঙ্গলবার (২ মে) সকাল ৮ টার সময় মারা যান তিনি। বিকালে দফন শেষ করে এসে ভাই সুন্নত আলী অসুস্থ হয়ে পড়েন। পরে মঙ্গলবার (২ মে) দিবাগত রাত তিনটার দিকে নিজ বাড়িতে মারা যান তিনি।

সুন্নত আলী স্থানীয় মসজিদের মুয়াজ্জিনের দায়ীত্ব পালন করতেন। সে ওই গ্রামের মৃত জাহিদ শেখের ছেলে।
কয়েক ঘন্টার ব্যবধানে ভাই বোনের মৃত্যু নিয়ে এলাকায় শোকের ছায়া নেমে এসেছে।

গাংনীতে প্রতারক চক্রের নতুন প্রতারণার ফাঁদ

গ্রামের অসহায় প্রতিবন্ধীদের নামে বিদেশী সংস্থা থেকে মোটা অংকের অনুদান দেওয়ার প্রলোভন দিয়ে গাংনী বিভিন্ন এলাকায় প্রতারণার ফাঁদে ফেলে টাকা হাতিয়ে নিয়েছে একটি প্রতারক চক্র।

গত ২১ নভেম্বর গাংনী উপজেলার বামন্দী ইউনিয়নের মুন্দা গ্রামের হাজের মন্ডলের ছেলে দিনমজুর আব্দুল হান্নানের কাছে গিয়ে ২৪ হাজার টাকা পাইয়ে দেওয়ার নাম করে একটি কাগজ দিয়ে ৬ হাজার টাকা হাতিয়ে নিয়ে পালিয়েছে।

প্রতারক চক্রের দেওয়া কাগজে লেখা আছে, বিদেশী সংস্থা সৌদি আরব সিসিডিবি অনুদানের তালিকা।গণ প্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার অনুমোদিত রেজিস্ট্রেশন নং ২০৮৬৫১। বাংলাদেশ প্রতিবন্ধী অসহায় ব্যক্তির তালিকা, এক গ্রাম থেকে ও ওয়ার্ড থেকে ৬ ব্যক্তি পাবেন। বাংলাদেশের যে কোনো জেলা সমাজসেবা অফিস থেকে টাকা উঠানো যাবে। সার্বিক সহযোগীতায় জেস ফাউন্ডেশন, ওয়ার্ল্ডভিশন বাংলাদেশ তালিকা হবে।

প্রতারিত মোঃ হান্নান বলেন প্রতারক চক্র আমার বাড়িতে এসেছিল। সে বলেছে, আপনি একবার সড়ক দুর্ঘটনায় আহত হয়ে প্রতিবন্ধী হয়ে গেছিলেন। তাই আপনার নামে ইউনিয়ন পরিষদে ২৪ হাজার টাকা বরাদ্দ এসেছে। আমাদের এখন ছয় হাজার টাকা নগদ দিলে এই কাগজটি দেবো। আপনি ইউনিয়ন পরিষদে গিয়ে চেয়ারম্যানকে কাগজটি দিলে আপনী চব্বিশ হাজার টাকা নগদ পাবেন। কাগজে আমার নাম ঠিকানা দেখেই তড়ি ঘড়ি করে ৬ হাজার টাকা তাদের দিয়ে দিই।আমাকে ২/৩ দিন পর ইউনিয়ন পরিষদে গিয়ে টাকা তুলার কথা বলেছিল ওই চক্রটি। আজ বুধবার সকালের দিকে ইউনিয়ন পরিষদে এসে শুনছি ওটা প্রতারক চক্রের প্রতারণা।